



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 3rd Semester Examination, 2021-22

BNGACOR07T-BENGALI (CC7)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

- ১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
- একক - ১**
- (ক) 'এক্ষণে জমীদারদিগের পক্ষে কয়েকটি কথা বলিবার প্রয়োজন আছে'— 'সাম্য' গ্রন্থে অবলম্বনে প্রাবন্ধিকের মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০
- অথবা**
- (খ) 'পৃথিবীতে তিনবার আশ্চর্য ঘটনা ঘটিয়াছে।' – প্রথম দুটি আশ্চর্য ঘটনা কিভাবে সাম্যবাদ প্রতিষ্ঠায় সহায়ক হয়েছিল, প্রবন্ধ অনুসরণে তা ব্যাখ্যা করো। ১০
- একক - ২**
- (গ) 'বিশ্বপরিচয় গ্রন্থে ভাষার যে স্বাচ্ছন্দ্য লক্ষ করা যায় তা বাংলা ভাষায় বিজ্ঞানচর্চায় এক অনন্য নজির'— প্রাসঙ্গিক দৃষ্টান্তসহ মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০
- অথবা**
- (ঘ) 'চৈতন্যের এই মুক্তির অভিব্যক্তিই বোধ করি সৃষ্টির শেষ পরিণাম।'— 'বিশ্বপরিচয়' গ্রন্থের উপসংহারে অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০
- একক - ৩**
- (ঙ) 'ভারতচন্দ্র' প্রবন্ধে প্রমথ চৌধুরী ভারতচন্দ্রের শিল্পী প্রতিভার যে মূল্যায়ন করেছেন, তা আলোচনা করো। ১০
- অথবা**
- (চ) সাহিত্যিক প্রমথ চৌধুরীর সমাজ-বীক্ষার অন্যতম পরিচয় 'রায়তের কথা' প্রবন্ধটি আলোচনা করো। ১০
- একক - ৪**
- (ছ) 'কোন গাঁয়ের কোন ঘর ছেড়ে এসেছিল অন্ধকারের মতো কালো আমার পদ্মদাসী।'— অবনীন্দ্রনাথ ঠাকুরের শিশুমনে কীভাবে আলো ছড়িয়ে দিয়েছিল কালো পদ্মদাসী, আলোচনা করো। ১০
- অথবা**
- (জ) 'আপন কথা বাংলা সাহিত্যে এক অনন্য সৃষ্টি'— মন্তব্যটির আলোয় গ্রন্থটির শ্রেণি নির্ণয় করো। ১০

- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০
- (ক) 'সাম্য' গ্রন্থে ভারতীয় নারীর উন্নতিকল্পে প্রাবন্ধিক কী কী প্রস্তাব দিয়েছেন? ৫
- (খ) ভোরবেলায় সূর্যের দিকে তাকালে যে কালো কালো দাগ দেখা যায়, সে সম্পর্কে 'বিশ্বপরিচয়' গ্রন্থে প্রাবন্ধিকের বক্তব্য পরিস্ফুট করো। ৫
- (গ) 'সেকালে বই পড়াটা ছিল বিলাসের একটা অঙ্গ।' – 'বই পড়া' প্রবন্ধ অনুসারে মন্তব্যটির ব্যাখ্যা করো। ৫
- (ঘ) 'একটা ইংরিজি কথা জানলেম – সাইক্লোন' – 'আপন কথা' গ্রন্থে অবলম্বনে গভীর রাতের সেই সাইক্লোনের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

N.B. : *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—